

বরিশালে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষার প্রশ্ন ফাঁসের অভিযোগ

■ বরিশাল ব্যুরো

বরিশালে কারিগরি শিক্ষা বোর্ডের অধীন পলিটেকনিক ইনস্টিটিউটগুলোতে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিংয়ের গণিত বিষয়ের পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভিযোগ উঠেছে। গতকাল রোববার বিকেলে ওই পরীক্ষা অনুষ্ঠিত হয় শনিবার গভীর রাত থেকে প্রশ্নপত্র ফাঁসের খবর সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়ে। এ অবস্থায় গতকাল সকাল থেকে প্রায় ৩ হাজার পরীক্ষার্থীর মধ্যে অসন্তোষ দেখা দেয়।

বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ প্রকৌশলী ড. মো. নূরুল ইসলাম সাংবাদিকদের বলেন, তাকে জেলা প্রশাসক ফোন করে প্রশ্নপত্র ফাঁসের বিষয়ে জানতে চেয়েছেন। তার কিছু করার ছিল না। কারিগরি বোর্ডের অধীনে সারাদেশের পলিটেকনিক কলেজগুলোতে একযোগে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। পরীক্ষার বিষয়ে যে কোনো সিদ্ধান্ত নেবে কারিগরি শিক্ষা বোর্ড।

বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট, ইনফ্রা পলিটেকনিক, আইডিয়াল পলিটেকনিকসহ বিভিন্নকেন্দ্রের তথ্যমতে, পরীক্ষা শুরু হওয়ার আগে থেকেই প্রশ্ন ফাঁসের খবরে ছত্রছত্রীদের মধ্যে অস্থিরতা ছড়িয়ে পড়েছে। জানা গেছে, গত ২৯ জুন ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পরীক্ষার অপর এক বিষয়ের প্রশ্নপত্র ফাঁস হওয়ায় ওই পরীক্ষা স্থগিত করে কারিগরি শিক্ষা বোর্ড।

একাধিক পরীক্ষার্থী জানান, শনিবার গভীর রাত থেকে ফেসবুকে ফাঁস হওয়া প্রশ্ন প্রকাশ করা হয়।

বরিশাল অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) কাজী হোসনে আরা বলেন, প্রশ্ন ফাঁস হওয়ার খবর তার কাছে আসেনি।